



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
পুরাতন সংসদ ভবন, ঢাকা।



পত্র সংখ্যা .....০৩.০০.০০০২.০৮.২.০৪৭.০২৭.২০২১-৩৭৭

তারিখ ....২৪.আষাঢ়.১৪২৮.....  
০৮ জুলাই ২০২১

অফিস আদেশ

প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ মনজুরুল লতিফকে ০৮.০৪.২০২১ তারিখ হতে ২২.০৪.২০২১ তারিখ পর্যন্ত অর্জিত ছুটি মঙ্গলীর জন্য সিভিল সার্জন এর নিকট হতে অসুস্থতার স্বপক্ষে চিকিৎসা সনদপত্র পেশ এবং ২৩.০৪.২০২১ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। অদ্যাবধি তিনি চিকিৎসা সনদপত্র পেশ এবং কর্মস্থলে অনুপস্থিতির ব্যাখ্যা প্রদান করেননি। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত (desertion) থাকার অভিযোগে একই বিধিমালার ১২(১) বিধি মোতাবেক সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ মনজুরুল লতিফকে ০৮.০৭.২০২১ তারিখ অপরাহ্নে সরকারি চাকরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০৩। সাময়িক বরখাস্ত থাকাকালীন সময়ে তিনি বিধিমোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্ত হবেন।

স্বাক্ষরিত/-

(মোঃ ওসমান গনি)

পরিচালক(প্রশাসন)

ফোন: +৮৮০-২-৫৫০২৯৪৩৫

E-mail: [section.dir15@pmo.gov.bd](mailto:section.dir15@pmo.gov.bd)

নং-০৩.০০.০০০২.০৮.২.০৪৭.০২৭.২০২১-৩৭৭(৬)

তারিখ : ০৮.০৭.২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রধানমন্ত্রীর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৬। জনাব মোঃ মনজুরুল লতিফ, সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

(মোঃ ওসমান গনি)

পরিচালক(প্রশাসন)